# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

**(Residential Autonomous College under University of Calcutta)**

**FIRST YEAR [2015-18]**
**B.A./B.Sc. FIRST SEMESTER (July – December) 2015**
**Mid-Semester Examination, September 2015**

Date : 16/09/2015

**BENGALI (General)**

Time : 12 noon – 1 pm

Paper : I

Full Marks : 25

## ‘ক’ - বিভাগ

(নিচের সবকটি প্রশ্নের উত্তর দাও) [৫×২]

১। শ্রীরামপুর মিশন কোথায় এবং কখন প্রতিষ্ঠিত হয়েছিল? এখান থেকে প্রকাশিত একটি বই-এর নাম লেখ।

২। ফোর্ট উইলিয়াম কলেজের সঙ্গে যুক্ত তিনজন বাঙালি লেখকের নাম লেখ। এখান থেকে প্রকাশিত ‘ইতিহাসমালা’ বইটির লেখক কে ছিলেন?

৩। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্ম ও তিরোধান কাল উল্লেখ করে তাঁর পিতা ও মাতার নাম লেখ।

৪। ‘বন্দেমাতরম’ সংগীতটি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের কোন উপন্যাসে রয়েছে? ‘বন্দেমাতরম’ — শব্দটির অর্থ লেখ।

৫। ‘বিধবাবিবাহ চলিত হওয়া উচিত কিনা এতদ্বিষয়ক প্রস্তাব’ — বইটি কার লেখা? বইটির প্রকাশকাল উল্লেখ কর।

## ‘খ’ - বিভাগ

(**যে কোন একটি** প্রশ্নের উত্তর দাও) [১×১০]

৬। বাংলা কাব্যসাহিত্যের ইতিহাসে রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের অবদান আলোচনা কর।

৭। বাংলা নাট্য সাহিত্যের ইতিহাসে মধুসূদন দত্তের অবদান আলোচনা কর।

## ‘গ’ - বিভাগ

অনুচ্ছেদটির সারাংশ লেখ। [৫]

১৯৩১ খ্রিস্টাব্দের ১৫ই অক্টোবর তামিলনাড়ুর রামেশ্বরম স্থানে এ পি জে আবদুল কালাম জন্মগ্রহণ করেন। অত্যন্ত দরিদ্র পরিবারে জন্মগ্রহণ করেও বাংলার বিদ্যাসাগরের মত চেষ্টা, পরিশ্রম আর সততার দ্বারা তিনি নিজেকে সমাজের উচ্চ আসনে প্রতিষ্ঠিত করেন। বাল্যকালে তাঁকে খবরের কাগজ বিক্রির কাজও করতে হয়েছে। তবু তিনি অদম্য মনের জোরে পড়াশুনা চলিয়ে গেছেন। আমাদের দেশের একাদশ রাষ্ট্রপতিরূপে তিনি কার্যভার গ্রহণ করেন ২৫শে জুলাই ২০০২ এবং অত্যন্ত সফল ভাবেই তিনি ২৫শে জুলাই ২০০৭ খ্রিষ্টাব্দে রাষ্ট্রপতি পদ থেকে অবসর গ্রহণ করেন। দেশ বিদেশের ত্রিশটিরও বেশি বিশ্ববিদ্যালয় তাঁকে সাম্মানিক ডক্টরেট উপাধিতে ভূষিত করেছে। পাশাপাশি ভারতবর্ষের শ্রেষ্ঠ নাগরিক হিসাবে তিনি পেয়েছেন ‘পদ্মভূষণ’ (১৯৮১ খ্রিঃ), ‘পদ্মবিভূষণ’ (১৯৯০ খ্রিঃ) এবং ‘ভারতরত্ন’ (১৯৯৭ খ্রিঃ)। অন্যতম শ্রেষ্ঠ এই বিজ্ঞানী এবং ইন্‌জিনিয়ার এই মানুষটি বিদেশে ‘Missile Man of India’ নামে পরিচিত। অবিবাহিত কর্মবীর এই মানুষটি ভারতবর্ষকে ভালোবেসেছেন স্বামী বিবেকানন্দের মত, মহাত্মা গান্ধীর মত, নেতাজী সুভাষচন্দ্র বসুর মতন ভেজালহীন মন নিয়ে। ২০২০ খ্রিস্টাব্দের মধ্যে আমাদের দেশকে ‘সুপার পাওয়ার দেশ’-এ পরিণত করার জন্য তিনি রাষ্ট্রপতি থাকাকালীন বিভিন্ন পরিকল্পনা নিয়েছিলেন। ‘India 2020 : A vision for the new Millennium গ্রন্থে আমরা তার পরিচয় পাই। আর একটি দরিদ্র ছেলে কেমন করে বিশ্বখ্যাত হয়ে উঠল তার পরিচয় বর্ণিত হয়েছে তাঁর আত্মজীবনীমূলক গ্রন্থ ‘Wings of Fire’– এ। দৃঢ় ইচ্ছাশক্তি থাকলে যে কোনও মানুষই যে বড় হতে পারবে — তা এই বইটি পড়লেই বোঝা যাবে। তবে প্রশ্ন হতে পারে এই দৃঢ় ইচ্ছাশক্তি বা অদম্য মনের জোর কোথা থেকে আসে? হ্যাঁ, অন্যান্য শ্রেষ্ঠ মানুষদের মত কালামও তাঁর অদম্য মনের জোর পেয়েছিলেন তাঁর সৎ, পরিশ্রমী ও ঈশ্বর বিশ্বাসী বাবা-মার কাছ থেকে, আর মানুষ ও জগৎকে আল্লাহ বা ঈশ্বরের প্রতিরূপ জেনে ভালোবাসার মাধ্যমে।

—————— × ——————